



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2020

BNGACOR08T-BENGALI (CC8)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রসঙ্গমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১০×৪ = ৪০ ৩০০ হবে)

একক-১

- (ক) প্রাচ্য ও পাশ্চাত্য পুরাণ ও সাহিত্যে কবি মধুসূদন দত্তের সাবলীল পদসঞ্চারণ কীভাবে 'মেঘনাদবধ কাব্য'-কে সমৃদ্ধ করেছে, তা — আলোচনা করো। ১০

অথবা

- (খ) 'মেঘনাদবধ কাব্য'-এ চতুর্থ সর্গের সংযোজন কতটা শিল্পসম্মত হয়েছে, তা' — বিশ্লেষণ করো। ১০

একক-২

- (গ) কালিদাসের প্রাচীন সৌন্দর্যময় জগতে কবির স্বপ্নপ্রয়োগ 'কল্পনা'-কাব্যের 'স্বপ্ন' নামের কবিতাটি। — আলোচনা করো। ১০

অথবা

- (ঘ) 'বৃক্ষবন্দনা' কবিতা অনুসরণে রবীন্দ্রনাথের পরিবেশ-ভাবনার পরিচয় দাও। ১০

একক-৩

- (ঙ) 'শঙ্খমালা' কবিতায় রূপকথার আবহে বিষন্নতার সুর কীভাবে নিত্য সত্যে উদ্ভীর্ণ হয়েছে, তা' আলোচনা করো। ১০

অথবা

- (চ) জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা'-কাব্যগ্রন্থের কবিতাগুলিতে অঙ্কিত হয়েছে চিরন্তন বাংলার চেনামুখের প্রতিকৃতি। — এ মন্তব্যের আলোকে 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটির শিল্পরূপ বিচার করো। ১০

একক-৪

- (ছ) 'প্রচ্ছন্ন স্বদেশ' কবিতায় কবি বিষ্ণু দে কোন্ স্বদেশ সত্তার অনুসন্ধান করেছেন তা' — ব্যাখ্যা করো। ১০

অথবা

(জ) কৃষ্ণ বসুর ‘চাঁদ বণিকের ডিঙা’ কবিতায় কীভাবে মনসামঞ্জল কাব্যের নবায়ন ঘটেছে, কবিতাটি বিশ্লেষণ করে তা বোঝাও। ১০

২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক - ১৫০) ৫×২= ১০

(ক) ‘প্রমীলার বামেতর নয়ন নাচিল!
আত্মবিস্মৃতিতে, হয়, অকস্মাৎ সতী
মুছিল্লা সিন্দূরবিন্দু সন্দূর ললাটে!’ ১+২+২

— সর্গনাম ও প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির ভাব-সৌন্দর্য পরিস্ফুট করো।

(খ) ‘বাইশ বছর রয়েছি সেই এক চাকাতেই বাঁধা
পাকের ঘোরে আঁধা।’ ১+৪

— কোন্ কবিতার অংশ? নারীমনের নিহিত যে যন্ত্রণা এখানে প্রকাশ পেয়েছে তার পরিচয় দাও।

(গ) ‘মাথার ভিতরে
স্বপ্ন নয় - প্রেম নয় - কোনো এক বোধ কাজ করে।’ ৫

— কবির জীবনে এই ‘বোধ’-এর প্রভাব বুঝিয়ে দাও।

(ঘ) ‘আমার অশ্রুর জলসেচে আর হাড়ের ফসফেট-এ
খুনীর চেয়েও রুক্ষ কঠোর মাটিতে
বোনা হয়েছে যে-অস্তুহীন ধান ও গানের স্বপ্ন -
তার নাম ভারতবর্ষ।’ ৫

— উদ্ধৃতাংশটির নিহিতার্থ পরিস্ফুট করো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—